দীর্ঘদিন ২ বছর পর মুজিবনগর বাসি পেল নতুন এসিল্যান্ড

দীর্ঘদিনের প্রতীক্ষার অবসান হলো মুজিবনগর বাসীর। মুজিবনগর উপজেলার নতুন এসিল্যান্ড হিসাবে যোগ দিয়েছেন মো: নাজমুস সাদাত। তিনি কুষ্টিয়া জেলার খোকসা থানার এসিল্যান্ড হিসেবে কর্মরত ছিলেন। তিনি ঝিনাইদহ জেলার শৈলকুপার সন্তান।

নতুন এসিল্যান্ড নাজমুস সাদাত মুজিবনগরে পৌঁছালে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) রনি খাতুন তাকে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানান।

মুজিবনগর উপজেলার সর্বশেষ এসিল্যান্ড নাজমুল আলম বদলি হয়েছিলেন ২০২১ সালের ১ জুলাই ।

ঐতিহাসিক মুজিবনগর উপজেলায় ভূমি অফিসে এসিল্যান্ডের পদটি ফাঁকা ছিল প্রায় ২ বছর যাবত। গতি কমে গিয়েছিল ভূমি মিউটেশন সহ ভূমি সংক্রান্ত বিভিন্ন সমস্যার সমাধানে। নতুন এসিল্যান্ড যোগদানের মধ্য দিয়ে গতি বাড়বে উপজেলার ভূমি মিউটেশনে সহ ভূমি সংক্রান্ত বিভিন্ন জটিলতা সমাধানে।

গাংনীতে তীব্র তাপদহের পর স্বস্তির বৃষ্টি

গেল কয়েকদিন ধরে মেহেরপুরের গাংনীতে সারাদিন তীব্র তাপদাহ থাকলেও বিকেল হতে না হতেই শুরু হয় বৈরী আবহাওয়া। মুহুর্তের মধ্যে শুরু হয় ঝড়। ঝড়ের ফলে ধুলোবালি উড়ে অন্ধকার হয়ে যায় চারপাশের পরিবেশ।

গত (২৮ ও ২৯শে এপ্রিল) আকাশে কালো মেঘের ঘনঘটা আর ঝড় হলেও কয়েক ফোটা বৃষ্টির পানি পড়ে থমথমে হয়ে যায় পরিবেশ। তবে আজ রবিবার সারাদিন তীব্র তাপদাহ থাকলেও বিকেলের আকাশে কালো মেঘের ঘনঘটা থেকে শুরু হয় প্রচন্ড বৃষ্টি। সারাদিনের তীব্র গরমের মধ্যে

ঘন্টাব্যাপী এ বৃষ্টি স্বস্তি এনে দেয়। সটানা কয়েকদিনের অপেক্ষা আর বৈরী আবহাওয়ার পর আজকের ঘন্টাব্যাপী বৃষ্টিতে স্থবির হয়ে যায় চারপাশ। রাস্তাঘাটে মানুষের চলাচল বন্ধ থাকে বৃষ্টি শেষ না হওয়া পর্যন্ত। বৃষ্টির সাথে সাথে বিদ্যুৎয়ের ঝলকানি আর গুড়ুম গুড়ুম শব্দে ভারী হয়ে ওঠা প্রকৃতি অন্ধকারাচ্ছন্ন হয়ে যায়।

গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের মাদ্রাসা বাজারে প্রতিদিনের মতো ঝালমুড়ি বিক্রি করতে বসেছিলেন মহব্বত আলী। কিন্তু তীব্র বৃষ্টির ফলে তলপিতলপা গুটিয়ে নিতে হয় তাকে। তিনি জানান, গত দুদিন খারাপ আবহাওয়া হলেও ঝড়বৃষ্টি হয়নি তেমন। কিন্তু আজকে প্রচন্ড বৃষ্টির সাথে বাতাস হওয়ায় আমার ঝালমুড়ির অস্থায়ী দোকান নিয়ে টিকে থাকতে পারিনি।

বামন্দী কাজিপুর সড়কে প্রতিদিন দুবেলা চলাচল করেন জিল্লুর রহমান। তিনি বলেন, আজ সারাদিন তীব্র গরম পড়েছে। ঘেমে একাকার অবস্থা। বৃষ্টি হয়ে শান্তি লাগছে।

গাংনীর বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন উপজেলা নির্বাহী অফিসার

মেহেরপুরসহ সারাদেশে একযোগে চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে আজ রবিবার থেকে। জেলায় এবার ১৫০টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৮ হাজার ৯০৯ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছে।

মেহেরপুর জেলা শিক্ষা অফিসের তথ্যমতে, জেলার ৩টি উপজেলায় জেনারেলের শাখার জন্য ১৩টি কারিগরি (ভোকাশোনাল) শাখার জন্য ৪টি এবং মাদ্রাসা শাখার জন্য ২টি কেন্দ্র নির্ধারণ করা হয়েছে।

নির্ধারীত সময়ে পরীক্ষা শুরু হওয়ার পর মেহেরপুরের গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু উপজেলার বিভিন্ন পরীক্ষা

কেন্দ্র পরিদর্শন করেন।

এসএসসি ও সমমানের পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের সময় গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু বলেন, সকাল থেকে আমি বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করে দেখছি। এর আগে গত দুইদিনও আমি পরিদর্শন করে দেখেছি ছোট ছোট যে সমস্যাগুলো ছিলো সেগুলো সমাধানে কিছু নির্দেশ দেওয়া ছিলো; আজকে আমি দেখলাম সেগুলো মোটামুটি ভালো রয়েছে। যতগুলো এখন পর্যন্ত দেখেছি সবগুলো কেন্দ্রে পরিস্থিতি স্বাভাবিক ও সুন্দর মনে হয়েছে। আশাকরি সামনের দিনগুলোতেও এই ধরনের শান্তিপূর্ণ অবস্থা বিরাজ করবে।

নকলমুক্ত, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা সমাপ্ত করার লক্ষ্য জেলার তিন উপজেলায় তিনটি ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। মেহেরপুর জেলা ম্যাজিষ্ট্রেট মোহাম্মদ আজিজুল ইসলাম পরীক্ষা কেন্দ্র গুলোর আশেপাশে ১৪৪ ধারা জারি করেছেন এবং এক মাস সব কোচিং সেন্টার বন্ধ ঘোষণা করেছেন।

মুজিবনগরে শান্তিপূর্ন পরিবেশে এসএসসি বাংলা ১ পত্র পরীক্ষা অনুষ্ঠিত

মুজিবনগরে ২ টি মূল কেন্দ্র ও ২টি ভেন্যুতে নিছিদ্র নিরাপত্তা ও শান্তিপূর্ণ পরিবেশে এসএসসি বাংলা প্রথম পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। প্রথম দিনের পরীক্ষায় ১ হাজার ১ জন ছাত্র ছাত্রী অংশগ্রহন করে।

মুজিবনগর উপজেলার নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রনি খাতুন উপজেলার পরীক্ষা কেন্দ্র গুলো পরিদর্শন করেন।

বাংলা প্রথম পত্র পরীক্ষায় উপজেলায় সর্বমোট পরীক্ষার্থী ছিল ১০১৫ জন। প্রথম দিনের পরীক্ষায় অনুপস্থিত ছিল ১৪ জন। এর মধ্যে ১১

জন ছাত্রী এবং ৩ জন ছাত্র।

কেন্দ্র সচিব মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম জানান, মূল কেন্দ্র মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় ৮টি স্কুলের ৩৮৩ জন পরিক্ষার্থী ছিল ৪ জন অনুপস্থিত থাকার কারণে ৩৭৯ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেছে। এর মধ্যে বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয়ের ১২০জন, মুজিবনগর আম্রকানন মাধ্যমি বিদ্যালয়ের ৬৩জন, আনন্দবাস মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ২৩ জনের মধ্য অনুপস্থিত ২ জন, এটিজে আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের-১০জন, বল্লভপুর মিশন মাধ্যমিক বিদ্যালয়ের ৫৬ জন, আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর এর ৬০ জনের মধ্যে অনুপস্থিত ১ জন, আনন্দবাস মিয়া মুনসুর একাডেমীর ২৭ জনের মধ্য অনুপস্থিত ১ জন এবং গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ২৪ জন। এবং ভেন্যু গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয় কেন্দ্রে ২৬২ জন পরীক্ষার্থী মধ্যে ২ জন অনুপস্থিত থাকার কারণে ২৬০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেছেন।

২৬২ জন পরিক্ষার্থীর মধ্যে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ১০১ জন, নাটুদা মাধ্যমিক বিদ্যালয়ে ৯৭ জনের মধ্যে অনুপস্থিত একজন, জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয় ৬৪ জনের মধ্যে অনুপস্থিত ১ জন। বাংলা প্রথম পত্রের পরীক্ষায় কোন পরীক্ষার্থী বহিষ্কার হয়নি।

মূল কেন্দ্র দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় এর কেন্দ্র সচিব দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক মোবারক হোসেন জানান, এবারের এসএসসি পরীক্ষা মূল কেন্দ্র দারিয়পুর মাধ্যমিক বিদ্যালয়ে ও ভেন্যু দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ৫ টি স্কুলের ৩৭০ জন পরিক্ষার্থী মধ্যে ৬ জন ছাত্রী এবং ২ জন ছাত্র অনুপস্থিত ছিল। ১ম দিনের পরিক্ষায় ৩৬২ জন অংশগ্রহন করেছে।

স্কুলগুলি হল দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, দারিয়াপুর মধ্যমিক বালিকা বিদ্যালয়, কোমরপুর মাধ্যমিক বিদ্যালয়, মহাজনপুর মাধ্যমিক বিদ্যালয় এবং মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের অনুপস্থিত ৮ জন বাদে ৩৬২ জন পরিক্ষার্থী অংশগ্রহন করে।

প্রথম দিনে পরীক্ষা শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে কোন পরীক্ষার্থী বহিষ্কার হয়নি বলে তিনি জানান।

কেন্দ্র সচিব দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোবারক হোসেন আরো জানান, এসএসসি ভোকেশনাল শাখায়, দারিয়াপুর

মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, আনন্দবাস মিয়া মনসুর একাডেমি, এবং আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর এর ১৫৯ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেছে কোন পরীক্ষার অনুপস্থিত নেই।

গাংনীতে ৫০ গ্রাম গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে ৫০ গ্রাম গাঁজাসহ মিনারুল ইসলাম(২৮) নামের এক মাদক পাচারকারিকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

আজ রবিবার (৩০ এপ্রিল) বেলা ১১ টার সময় গাংনী শহরের টহল পুলিশ তাকে আটক করে। আটক কৃত মিনারুল ইসলাম গাংনী উপজেলার হেমায়েতপুর গ্রামের বুদু বিশ্বাসের ছেলে।

গাংনী থানার টহল পুলিশের এসআই আবুল কালাম আজাদ জানান, এক যুবক গাঁজা গ্রাম থেকে গাঁজা নিয়ে শহরে বিক্রি করতে আসছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সংঙ্গীয় ফোর্স নিয়ে বাজারের মেসার্স নাইম ট্রেডার্স নামক একটি দোকানের সামনে গেলে মিনারুল পুলিশ দেখে দৌড়ে পালাতে চেষ্টা করে। আমরা তাকে আটক করে দেহ তল্লাশী করি। তার কোমরে বাধা অবস্থায় একটি পলেথিন প্যাকেটে মোড়ানো ৫০ গ্রাম গাঁজা উদ্ধার করি।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, হেমায়েতপুরের মিনারুল ইসলাম নামের এক মাদক ব্যবসায়ীকে গাঁজাসিহ আটক করা হয়েছে। মাদক মালায় তাকে আদালতে সোপর্দ করা হবে।

মেহেরপুরের রাইপুরে প্রবাসফেরত শফিকুল হত্যার প্রধান আসামি গ্রেফতার

মেহেরপুর সদর উপজেলার রাইপুর গ্রামে পূর্ব শত্রুতার জের ধরে সৌদি প্রবাসী শরিফুল ইসলাম হত্যা মামলার প্রধান আসামি এনামুল হক খোকন (৪০) কে হত্যার ৮ দিন পর চুয়াডাঙ্গা থেকে গ্রেফতার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

গতকাল শনিবার রাতে মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) ও সদর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে সদর থানা পুলিশের একটি টিম তাকে চুয়াডাঙ্গা থেকে গ্রেফতার করে। আটক এনামুল হক খোকন সদর উপজেলার রায়পুর গ্রামের আকছেদ আলীর ছেলে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে চুয়াডাঙ্গা সদর থানা এলাকা থেকে তাকে আটক করা হয়। এসময় তার নিকট থেকে হত্যায় ব্যবহৃত দেশিও অস্ত্র হাসুয়া উদ্ধার করা হয়। তিনি আরো জানান, আসামিকে আদালতের মাধ্যমে জেলা কারাগারে পাঠানো হবে। এই হত্যাকান্ডের ঘটনা তদন্ত চলমান রয়েছে আরও কেউ জড়িত থাকলে তাদেরকে গ্রেফতার করা হবে।

প্রসঙ্গত, গত ২০ শে এপ্রিল বিকেলে মেহেরপুর সদর উপজেলার রাইপুর হাতিকাটা মোড়ে ডেকে নিয়ে গিয়ে এনামুলসহ কয়েকজন মিলে হাসুয়া দিয়ে শরিফুল ইসলাম কে কুপিয়ে আহত করে। এসময় স্থানীয়রা তাকে মুমূর্ষ অবস্থায় উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করে। পরে চিকিৎসাধিন অবস্থায় তার মৃত্যু হয়।

এ ঘটনায় নিহত শরিফুলের চাচা আমদহ ইউনিয়নের সাবেক সদস্য কাবুল আলী বাদী হয়ে মেহেরপুর সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন।

গাংনীতে পাট ও তামাকের গোডাউনে আগুন; ৩০ লাখ টাকার ক্ষয়ক্ষতি

মেহেরপুরের গাংনীর নওয়াপাড়া পুর্বপাড়া গ্রামে একটি গোডাউনে ভয়াবহ অগ্নীকান্ডে পাট ও তামাক পুড়ে ছাই হয়েছে।

এতে গোডাউনে রাখা পাট ও তামাক পুড়ে প্রায় ত্রিশ লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানিয়ছেন গোডাউন মালিক হিন্দা গ্রামের খোকন।
ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী খোকন জানায়, পড়া পূর্বপাড়া দেলোয়ার হোসেনের একটি গোডাউন ভাড়া নিয়ে পাট এবং আমাকে ব্যবসা করছিলেন হিন্দগ্রামের খোকন। ওই গোডাউনে ৬ হাজার কেজি তামাক ও ৯শ মন পাট মজুদ করা ছিল। সেখানো প্রতিদিনের ন্যায় কাজ করে শনিবার দিনগত মধ্যরাতে গোডাউন থেকে বের হয়ে আসি। কোন একসময় গোডাউনের মধ্যে আগুন লেগে যায়। পরে স্থানীয়রা টের পেয়ে বামুন্দি ফায়ার সার্ভিসকে খবর দিলে ফায়ার সার্ভিসের একটি টীম ঘটনাস্থলে এসে আগুন অনেক চেস্টার পর আগুন নিয়ন্ত্রনে আনে। তার আগেই গোডাউনের মধ্যেকার পাট ও তামাক পুড়ে যায়। এতে প্রায় ত্রিশ লক্ষাধিক টাকার মালামাল পুড়েছে বলে জানান ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী খোকন।
বামুন্দি ফায়ার সার্ভিসের টীম লিডার স্টেশন অফিসার মো. ইছাহাক আলী বিশ্বাস জানান,অগ্নিকান্ডের বিষয়টি জানতে পাওয়ার সাথে সাথে আমরা ঘটনাস্থলে আগুন নিয়ন্ত্রণে কাজ করছি একটি টিম। এটা গোডাউনে রাখা তামাক ও পার্ট পুড়ে গেছে। ওই রাত থেকে দুপুর অব্দি পর্যন্ত আমরা সেখানেই রয়েছি। তবে গোডাউনের মধ্যে রাখা তামাক ও পাট পুড়ে গেছে। অবশিষ্ট কিছু তামাক ও পাট উদ্ধার করা হয়েছে।

মেহেরপুরে অংশ নিচ্ছে ৮ হাজার ৯০৯ পরিক্ষার্থী

চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা আজ রবিবার (৩০ এপ্রিল) শুরু হচ্ছে । এবার মেহেরপুর জেলার ১৫০ টি শিক্ষা প্রতিষ্ঠানের ৮ হাজার ৯০৯ জন পরীক্ষার্থী অংশ নেবে। এদের মধ্যে জেনারেল শাখায় ৭ হাজার

৩৬২ জন, কারীগরি শাখায় (ভোকেশনাল) ৯০৫ জন ও মাদ্রাসা বোর্ডের আওতায় দাখিল শাখায় ৬৪২ জন পরীক্ষার্থী অংশ নেবে।

জেলার তিনটি উপজেলায় জেনারেল শাখার জন্য ১৩টি কেন্দ্র, কারিগরী শাখা (ভোকেশনাল) ৪ টি ও মাদ্রাসা শিক্ষার্থীদের জন্য ২ টি পরীক্ষা কেন্দ্র নির্ধারণ করা হয়েছে।

মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: আব্বাস উদ্দীন এই তথ্য নিশ্চিত করেছেন।

জেলার জেনারেল শাখার কেন্দ্রগুলোর মধ্যে রয়েছে মেহেরপুর সরকারি মাধ্যমিক বালক উচ্চ বিদ্যালয় কেন্দ্র, মেহেরপুর সরকারি মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্র, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্র, আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়, গাংনী পাইলচ মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজ কেন্দ্র, গাংনী সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয় কেন্দ্র, সন্ধানী স্কুল এন্ড কলেজ কেন্দ্র, বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজ পরীক্ষা কেন্দ্র, জুগীরগোফা মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, জুগীরগোফা সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্র, মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, কেএন এইচ মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, বামন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্র, বিপিএন বালিকা বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, রাইপুর মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র, দাখিল শাখার দুটি কেন্দ্র হলো মেহেরপুর দারুল উলুম আহমাদিয়া দাখিল মাদ্রাসা পরীক্ষা কেন্দ্র ও গাংনী ছিদ্দিকিয়া সিনিয়র আলীম মাদ্রাসা।

কারিগরী শাখার (ভোকেশনাল) পরীক্ষা কেন্দ্র গুলোর মধ্যে রয়েছে, মেহেরপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ পরীক্ষা কেন্দ্র, গাংনী পাইলট বিদ্যালয় এন্ড কলেজ, সন্ধানী স্কুল এন্ড কলেজ পরীক্ষা কেন্দ্র, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ পরীক্ষা কেন্দ্র।

পরীক্ষা সুষ্ঠ,নকলমুক্ত শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা সমাপ্ত করার লক্ষে তিন উপজেলার তিনটি ভিজিলেন্স টিম গঠণ করা হয়েছে। জেলা পর্যায়ে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইটি) প্রধান করে ৫

সদস্যের একটি ভিজিলেন্স টিম গঠণ করা হয়েছে। কমিটির অন্যান্য সদস্যরা হলেন, মেহেরপুর সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: আব্বাস উদ্দীন, মেহেরপুর কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ ও মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন।

এদিকে, জেলা ম্যাজিষ্ট্রেট মোহাম্মদ আজিজুল ইসলাম এসএসসি কেন্দ্রগুলোর আশেপাশে ১৪৪ ধারা জারি করেছেন এবং সকল কোচিং সেন্টার একমাস বন্ধ রাখার নির্দেশ দেন।

মেহেরপুরে এক গ্রাম হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান চালিয়ে এক গ্রাম হেরোইনসহ শাহাবুদ্দীন শেখ (৪০) কে আটক করেছে। শাহাবুদ্দীন শেখ মেহেরপুর শহরের নতুনপাড়া এলাকার মোনাজাত আলীর ছেলে।

মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম শুক্রবার দিবাগত সাড়ে ১১ টার দিকে তার বাড়িতে অভিযান চালিয়ে এক গ্রাম হেরোইনসহ তাকে আটক করেন।

এঘটনায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১)সারণীর ৮(ক) ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলা নং ৪০, তারিখ ২৮/০৪/২৩ ইং।

মেহেরপুরে ৯৭ বোতল ফেনসিডিল ও গাঁজাসহ দুইজন আটক

৯৭ বোতল ফেনসিডিল ও ১ কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

আটকরা হলেন, মেহেরপুর শহরের পৌর কলেজ পাড়া এলাকার মাহাবুবুল হকের ছেলে সাব্বির হোসেন (২৬) ও ফুলবাগান পাড়া এলাকার মহসিন আলীর ছেলে নাজমুল সাদাত ওরফে শুভ (২৭)।

শনিবার দিবাগত রাত আনুমানিক ৩ টার দিকে সদর উপজেলার তেরোঘরিয়া গ্রামে অভিযান চালিয়ে এই দুই মাদক ব্যবসায়ীকে আটক করে পুলিশ।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি টিম গোপন সংবাদের ভিত্ত্বিতে তেরোঘরিয়া গ্রামে অভিযান চালিয়ে তাদের দুজনকে ৯৭ বোতল ফেনসিডিল ও এক কেজি গাঁজাসহ আটক করেন।

মেহেরপুর সদর থানার ওসি সাইফুল ইসলাম বলেন, আমার নেতৃত্বে পুলিশের একটি দল রাত তিনটার দিকে সদর উপজেলার তেরঘরিয়া ওৎ পেতে থাকি। এ সময় মাদক ব্যবসায়ীর ওই রাস্তা দিয়ে ফেনসিডিল ও গাঁজা নিয়ে মেহেরপুর শহরের দিকে আসার সময় তাদের চ্যালেঞ্জ করা হয়।

এসময় মাদক ব্যবসায়ীরা পালানোর চেষ্টা করলে পুলিশ তাদেরকে আটক করে। তাদের নিকট থেকে ৯৭ বোতল ফেন্সিডিল এবং ১ কেজি গাঁজা সহ সাব্বির হোসেন ও নাজমুল শাহাদাত শুভকে আটক করে।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তাদের বিরুদ্ধে সদর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। আজ শনিবার তাদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।